সিলেটে বাংলা নিউজ ২৪ নিউইয়র্ক ডটকমের আঞ্চলিক অফিস উদ্বোধন

চেম্বার ডেস্ক :: বিশ্বজুড়ে ডিজিটাল বাংলাদেশের উন্নয়ন ও সম্ভাবনা কে বাংলা ভাষায় তুলে ধরার জন্য যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত (বাংলা ভাষার নিউজ পোর্টাল) বাংলা নিউজ ২৪ নিউইয়র্ক ডটকমের সিলেট আঞ্চলিক অফিস উদ্বোধন করা হয়েছে।

২ ডিসেম্বর বুধবার সন্ধ্যা সাড়ে ৮ টায় সিলেট নগরীর জিন্দাবাজারস্থ ওয়েস্ট ওয়ার্ল্ড শপিং সিটির ৩য় তলায় বর্নীল আয়োজনে এপোর্টালের আঞ্চলিক অফিস উদ্বোধন করেন বিশিষ্ঠজনেরা।

সিলেট অনলাইন প্রেসক্লাবের সভাপতি কবি মুহিত চৌধুরীর সভাপতিত্বে ও স্পেশাল করেসপন্ডেন্ট মবরুর আহমদ সাজু ’র পরিচালনায় , অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সিলেটের সিনিয়র সাংবাদিক সিলটিভির প্রধান নির্বাহী আল আজাদ ,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন , সিলেট জেলা যুবলীগ নেতা জাহাঙ্গির আলম, সিলেট অনলাইন প্রেসক্লাবের সহ সভাপতি গোলজার আহমদ হেলাল , সিলেটে প্রতিদিন টোয়েন্টিফোর ডটকমের সম্পাদক সাজলু লস্কর ,বুরহান বাগ সমাজ কল্যান সংস্থার সভাপতি মামুন মিয়া।

এসময় বক্তারা বলেন , ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে সারাদেশের গনম্যাধ্যমকর্মীরা নিরলস ভাবে কাজ করে চলেছেন।

তাই নিরপেক্ষ ও দায়িত্বশীল থেকে দেশেপ্রেমে উদ্বুদ্ধ হয়ে মানুষের কল্যাণে কাজ করতে সাংবাদিকদের সচেতন থাকতে হবে।

বক্তরা বলেন , নীতিহীন সাংবাদিকতাটা যেন না হয়। মানুষকে বিভ্রান্ত করে সংবাদ প্রকাশ
যেন না থাকে। দায়িত্বশীলতা নিয়ে , দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে মানুষের কল্যাণের কথা চিন্তা করে সবাই কে কাজ করতে হবে। নীতিহীন সাংবাদিকতা কোনো দেশের কল্যাণ আনতে পারে না , বরং ক্ষতি করে। নীতিহীন সাংবাদিকতাটা যেন না হয়। সবাইকে একটা দায়িত্ববোধ নিয়ে চলতে হবে।

বক্তারা বাংলা নিউজ নিউইয়র্ক ডটকমের স্লোগানের (আমরা নিরেপেক্ষ

নই স্বাধীনতার পক্ষে) ভূয়ুসী প্রশংসা করে বলেন,বিশ্বজুড়ে ডিজিটাল বাংলাদেশের উন্নয়ন ও সম্ভাবনা কে বাংলা ভাষায় তুলে ধরার জন্য এই পোর্টালের সম্পাদকসহ যেসকল কলাকৌশলী যুুগান্তরকারী পদক্ষেপ গ্রহণ করেছেন।

বক্তারা বলেন,কালের বিবর্তনে বাংলা নিউজ নিউইয়র্ক ডটকম একদিন কালের স্বাক্ষী হয়ে থাকবে। আর যারা বাংলাদেশের বিভিন্ন জেলা উপজেলায় সাংবাদিকতায় নিয়োজিত থাকবেন তাদের কে মহান মুক্তিযুদ্ধের চেতনা কে লালন করে কাজ করার আহবান জানান।

বক্তারা বলেন,বাঙালির জাতীয় জীবনের সবচেয়ে অহঙ্কারের মাস ডিসেম্বর। এ মাসেই বাঙালি পেয়েছিল তার বহু কাক্সিক্ষত স্বাধীনতা। বাঙালির জাতীয়তাবোধের উন্মেষের সুদীর্ঘ ইতিহাসে শ্রেষ্ঠতম ঘটনা হলো ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ। সশস্ত্র স্বাধীনতা সংগ্রামের এক ঐতিহাসিক ঘটনার মধ্য দিয়ে বাঙালি জাতির কয়েক হাজার বছরের সামাজিক, রাজনৈতিক স্বপ্ন পূরণ হয় এই মাসে সুতারাং বাংলা নিউজ নিউ ইয়র্ক বিশ্ব পরিমন্ডলে বাংলার সুনাম তুলে তরবে সেই প্রত্যাশা করেন বক্তারা।

এ সময় অন্যান্যর মাঝে উপস্থিত থেকে বক্তব্যে রাখেন সিলেট অনলাইন প্রেসক্লাবের সদস্য মো. কামাল আহমদ,বাংলাদেশের আলোর সিলেট প্রতিনিধি জহিরুল ইসলাম মিশু,ওয়েস্ট ওয়াল্ড শপিং সিটির সহ সভাপতি সাহেদ আহমদ,সাধারন সম্পাদক, বিপ্লব এষ, সহ সাধারন সম্পাদক সানি আহমদ চৌধুরী, ব্যবসায়ী সাহেদ আহমদ, জাতীয় যুব পরিষদ সিলেট জেলার সিনিয়র সহ-সভাপতি বঙ্গবন্ধু ,আব্দুর রহমান লিমন,

সিলেট নিউজ ওয়ার্ল্ডের স্টাফ রিপোর্টার আলমগীর আলম, সাংবাদিক সুমন ইসলাম, এমরান ফয়সাল, সারওয়ার হোসেন এম ইকবাল হোসেন, আশরাফুল ইসলাম রনি ময়নুল ইসলাম আবির,রফিকুল ইসলাম, হোসাইন আহমদ, নাইম সালমান, শাহ আলম, জাহিদ উদ্দিন,মাসুম আহমদ, সানি আহমদ চৌধুরী, এজিএম সুহেল, সাহেদ আহমদ, আব্দুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে অতিথিবৃন্দকে ফুল দিয়ে বরণ করেন বাংলা নিউজ নিউইয়র্ক ডটকমের পরিবারবৃন্দ।